(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

বিএসএল অফিস কমপ্লেক্স (ভবন-২)

১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, শাহবাগ, ঢাকা-১০০০

www.bfsa.gov.bd

নম্বর: ১৩.০২.০০০০.৭২১.২২.০০৩.২৩.২২৪ তারিখঃ ১২ জুন ২০২৪ খ্রি.

**বিজ্ঞপ্তি**

**বিষয়: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ গবেষণা নীতিমালা, ২০২৪ জারিকরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ গবেষণা নীতিমালা, ২০২৪ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারি করা হলো।

**সংযুক্তি :** বর্ণনামতে।

১২/৬/২০২৪

জাকারিয়া

চেয়ারম্যান

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ফোন: +৮৮০২-২২২২২৩৬২৬

ইমেইল: chairman@bfsa.gov.bd

**অনুলিপি :**

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়।

২। সদস্য (খাদ্যভোগ ও ভোক্তা অধিকার), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

৩। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

৪। সদস্য (জনস্বাস্থ্য ও পুষ্টি, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

৫। সদস্য (খাদ্য শিল্প ও উৎপাদন), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

৬। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

৭। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শাখা (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

# বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ গবেষণা নীতিমালা, ২০২৪

## বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ গবেষণা নীতিমালা, ২০২৪

### প্রথম অধ্যায়

১.০ **নামকরণ এবং প্রারম্ভিকতা**

১.১ এ নীতিমালাটি "বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ গবেষণা নীতিমালা, ২০২৪" নামে অভিহিত হবে।

১.২ এ গবেষণা নীতিমালাটি অনুমোদিত হওয়ার সাথে সাথে বলবৎ হবে।

১.৩ **সংজ্ঞা:** এ নীতিমালার জন্য নিম্নের সংজ্ঞা/ব্যাখ্যা প্রযোজ্য হবে:

ক) **আইন** অর্থ নিরাপদ খাদ্য আইন, ২০১৩;

খ) **কর্তৃপক্ষ** অর্থ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ অথবা এ নীতিমালায় বর্ণিত কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগের জন্য কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতা প্রাপ্ত কোনো কর্মকর্তা

গ) **কর্তৃপক্ষের সভা** অর্থ আইনের ধারা ১২-এ উল্লেখিত সভা;

ঘ) **গবেষক** অর্থ এই নীতিমালার আলোকে গবেষণার উদ্দেশ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠান;

ঙ) **গবেষণাধর্মী প্রতিষ্ঠান** অর্থ গবেষণা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় বা গবেষণা কাজে নিয়োজিত যেকোনো প্রতিষ্ঠান/সংস্থা;

চ) **গবেষণা প্রকল্প** অর্থ কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্ত অনুমোদিত গবেষণা প্রস্তাব;

ছ) **গবেষণা ব্যবস্থাপনা কমিটি** অর্থ কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে অফিস আদেশের মাধ্যমে গঠিত গবেষণা ব্যবস্থাপনা সংক্রান্ত কমিটি;

জ) **চেয়ারম্যান** অর্থ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান;

ঝ) **দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা** অর্থ এই নীতিমালার উদ্দেশ্য পূরণার্থে কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা;

ঞ) **প্রধান গবেষক** অর্থ এই নীতিমালার আওতায় গবেষণা দলের দলনেতা;

ট) **সচিব** অর্থ কর্তৃপক্ষের সচিব হিসেবে দায়িত্বপালনকারী কর্মকর্তা;

### দ্বিতীয় অধ্যায়

### গবেষণা নীতিমালার লক্ষ্য, উদ্দেশ্য ও গবেষণা পরিধি

২.০ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ গবেষণা নীতিমালা, ২০২৪-এর লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

২.১ লক্ষ্য

বাংলাদেশের নিরাপদ খাদ্য সম্পর্কিত গবেষণা ও উন্নয়ন খাতকে সমৃদ্ধ করার মাধ্যমে গবেষণালব্ধ ফলাফল নিরাপদ খাদ্য নিশ্চিতকল্পে এবং জনহিতকর কাজে প্রয়োগ করা।

২.২ উদ্দেশ্যসমূহ

(ক) নিরাপদ খাদ্য আইন, ২০১৩-এর ধারা ১৩-এ বর্ণিত কার্যাবলি সম্পাদনের জন্য গবেষণা কার্যক্রম পরিচালনা;

(খ) গবেষণা ও উন্নয়নের নিরন্তর বিকাশের জন্য একটি গবেষণা কাঠামো প্রতিষ্ঠাকরণ;

(গ) অন্যান্য গবেষণাধর্মী প্রতিষ্ঠান ও ব্যক্তির সাথে যৌথভাবে গবেষণার মাধ্যমে গবেষণালব্ধ অভিজ্ঞতা ও ফলাফল বিনিময়;

(ঘ) সম্ভাব্য খাদ্য বিপত্তি, ঝুঁকি এবং সর্বোত্তম অনুশীলন (best practices) সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা তৈরি ও জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে গবেষণাকে উৎসাহ প্রদান;

(ঙ) নিরাপদ খাদ্যের মান এবং প্রবিধানমালাসমূহের সাথে সম্পর্কিত নীতিগত সিদ্ধান্তসমূহকে প্রমাণভিত্তিকভাবে প্রভাবিত করে এমন গবেষণাকে সমর্থন;

(চ) খাদ্য বিপত্তির সাথে সম্পর্কিত ঝুঁকি মূল্যায়ন করে এবং সম্ভাব্য ঝুঁকি ব্যবস্থাপনা কৌশল চিহ্নিত করে এমন গবেষণাকে সহায়তা প্রদান;

(ছ) অনিরাপদ খাদ্য সম্পর্কিত যেকোনো সমস্যা এবং এর প্রাদুর্ভাব সনাক্তকরণের জন্য নজরদারি (Survillance) এবং পর্যবেক্ষণ ব্যবস্থা উন্নতকরণ;

(জ) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে গবেষণাভিত্তিক জ্ঞানের সম্প্রসারণ এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দেশীয়/আন্তর্জাতিক সংস্থার পক্ষে/সাথে যৌথভাবে নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট যে কোনো বিষয়ে গবেষণা পরিচালনা;

(ঝ) কর্তৃপক্ষের প্রাতিষ্ঠানিক উন্নয়নের উদ্দেশ্যে কর্মকর্তাগণের দক্ষতা ও পেশাদারিত্ব উন্নয়নের মাধ্যমে গবেষণার সংস্কৃতি চালুকরণের নিমিত্ত জ্ঞান ও উদ্ভাবন ক্ষমতার বিকাশ এবং গবেষণা সহায়ক পরিবেশ সৃষ্টি;

(ঞ) গবেষণালব্ধ তথ্য ও ফলাফলের ভিত্তিতে বিধি/প্রবিধি/নীতি/গাইডলাইন প্রণয়ন;

(ট) গবেষণালব্ধ তথ্য ও ফলাফল প্রশিক্ষণ উপকরণ হিসেবে ব্যবহার।

**২.৩ গবেষণার পরিধি**

(ক) তফসিল-১ এ বর্ণিত ক্ষেত্রসমুহ গবেষণা অনুদান প্রদানের জন্য বিবেচ্য হবে। কর্তৃপক্ষ ক্ষেত্রসমূহ প্রয়োজনীয়তার নিরিখে সংযোজন/বিয়োজন/সংশোধন/পরিমার্জন করতে পারবে।

(খ) গবেষণার ক্ষেত্রটি বাংলাদেশের সাথে সংশ্লিষ্ট হতে হবে।

(গ) কর্তৃপক্ষ প্রয়োজনবোধে গবেষণার বিষয়, শিরোনাম বা ক্ষেত্র নির্ধারণ করে দিতে পারবেন।

## তৃতীয় অধ্যায়
## গবেষণা আহবান, মূল্যায়ন ও চূড়ান্তকরণ

**৩.১ গবেষণা প্রস্তাব আহবান:**

৩.১.১ কর্তৃপক্ষ প্রতিবছর সেপ্টেম্বর মাসে বিভিন্ন গবেষক/প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নিকট থেকে গবেষণা প্রস্তাব আহবান করবেন। তবে কর্তৃপক্ষের কর্মকর্তাগণ, কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বছরের যে-কোনো সময়ে গবেষণা প্রস্তাব জমা দিতে পারবেন।

৩.১.২ গবেষকগণকে কর্তৃপক্ষের গবেষণা নীতিমালা ও সময়ে সময়ে প্রবর্তিত নির্দেশিকা/ছক অনুসরণপূর্বক গবেষণা প্রস্তাব দাখিল করতে হবে।

৩.১.৩ গবেষক ও গবেষণা প্রতিষ্ঠানকে কর্তৃপক্ষের গবেষণায় আকৃষ্ট করা এবং গবেষণাকে প্রতিযোগিতামূলক করার জন্য কমপক্ষে ২ (দুই) টি দৈনিক পত্রিকায় (১টি বাংলা এবং ১টি ইংরেজি) বিজ্ঞপ্তির মাধ্যমে গবেষণা প্রস্তাব আহবান করতে হবে।

৩.১.৪ বহুল প্রচারের লক্ষ্যে কর্তৃপক্ষের তথ্য বাতায়ন (ওয়েবসাইট), সামাজিক মাধ্যম, ইত্যাদিতে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। প্রয়োজনে অন্যান্য প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ের গবেষণা বিভাগকে অবহিত করা যেতে পারে।

৩.১.৫ বিজ্ঞপ্তির সাথে সাথে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বছরের গবেষণা দাখিলের বিস্তারিত গাইডলাইন (যা সময়ে সময়ে পরিবর্তিত) প্রকাশ করবে।

### ৩.২ গবেষণা প্রস্তাব (Research Proposal) দাখিল:

৩.২.১ যে বিষয়ে কোনো গবেষক পূর্বে অন্য কোথাও গবেষণা সম্পন্ন করেছেন বা চলমান রয়েছে, সেই একই বিষয়ে কোনো গবেষণা প্রস্তাব জমা দেয়া যাবে না। এরূপ ঘটলে গবেষণা কর্মটি বাতিল করা হবে এবং কর্তৃপক্ষ সংশ্লিষ্ট গবেষকের বিরুদ্ধে বিধিমোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে। তবে কোনো গবেষণার ফলাফলের ওপর বৃহৎ পরিসরে কিংবা ধারাবাহিকতা রক্ষার্থে প্রস্তাব দাখিল করা যাবে। এক্ষেত্রে প্রস্তাবে তা উল্লেখ করতে হবে।

৩.২.২ গবেষকগণ কর্তৃক 'অন্য কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি প্রতিষ্ঠানে প্রস্তাবিত গবেষণার বিষয় সংশ্লিষ্ট কোনো গবেষণা প্রস্তাব জমা/দাখিল করা হয়নি' মর্মে ঘোষণাপত্র দাখিল করতে হবে;

৩.২.৩ প্রতিটি গবেষণা প্রস্তাব অনধিক ৩০০০ শব্দের মধ্যে (গবেষকের জীবনবৃত্তান্ত ও রেফারেন্স ব্যতীত) লিখিত হতে হবে।

৩.২.৪ গবেষক/গবেষকগণ পরিশিষ্ট-১ এ সংযুক্ত নির্ধারিত কাঠামো অনুসরণ করে গবেষণা প্রস্তাব দাখিল করবেন। কর্তৃপক্ষ পরিশিষ্ট-১ সময়ে সময়ে পরিবর্তন করতে পারবে।

**৩.২.৫ একটি গবেষণা প্রস্তাবে প্রধানত নিম্নলিখিত বিষয়সমুহ অন্তর্ভুক্ত থাকতে পারে-**

(ক) ভূমিকা/গবেষণা সমস্যা (Research problem)

(খ) গবেষণার উদ্দেশ্য

(গ) গবেষণার যৌক্তিকতা

(ঘ) গবেষণার পরিধি

(ঙ) গবেষণা পদ্ধতি (বিশদ বিবরণসহ)

(চ) বিশ্লেষণ/উপাত্ত সংগ্রহ ও উপস্থাপন পরিকল্পনা

(ছ) কর্ম পরিকল্পনা, সময়সীমা (Gantt chart)

(জ) গবেষণা কর্মটির সম্ভাব্য প্রভাব এবং সরকারের বিদ্যমান পরিকল্পনা ও উন্নয়নের সাথে সম্পৃক্ততা

(ঝ) বাজেট (বিস্তারিত বিভাজনসহ)

(ঞ) রেফারেন্স তালিকা

(ট) গবেষণা দল

(ঠ) গবেষক/গবেষকবৃন্দের জীবন বৃত্তান্ত।

৩.২.৬ গবেষণা প্রস্তাবের সাথে আবশ্যিকভাবে গবেষণা দলের নাম (পরিশিষ্ট-২-এ উল্লেখিত গবেষণা দলে অন্তর্ভুক্তির সম্মতি জ্ঞাপনপত্রসহ), গবেষণা বাজেট বিভাজন (পরিশিষ্ট-৩-এ উল্লেখিত মডেল বাজেট) দাখিল করতে হবে।

৩.২.৭ প্রতিটি গবেষণা প্রস্তাবে in-text citation সহ অন্তত ১৫টি রেফারেন্স লিস্ট থাকতে হবে। প্রস্তাবে বিজেপিএ রেফারেন্সিং স্টাইল (যা হার্ভার্ড স্টাইলকে অনুসরণ করে করা হয়েছে) অনুসরণ করতে হবে।

৩.২.৮ সকল গবেষণা প্রস্তাব বিজ্ঞপ্তিতে উল্লেখিত সর্বশেষ তারিখের পূর্বেই বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত পদ্ধতিতে পরিচালক/অতিরিক্ত পরিচালক (গবেষণা ও উন্নয়ন)/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট দাখিল করতে হবে। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে গবেষণা প্রস্তাব অনলাইনে দাখিলের ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৩.২.৯ সকল গবেষণা প্রস্তাব আবশ্যিকভাবে যথাযথ কর্তৃপক্ষ/প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে দাখিল করতে হবে। অন্যথায় প্রস্তাবটি বিবেচনা করা হবে না।

৩.২.১০ গবেষণা প্রস্তাব সর্বাবস্থায় চৌর্যবৃত্তি (Plagiarism) বর্জিত হবে। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ ধরনের চৌর্যবৃত্তির জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন ।

৩.২.১১ মূল গবেষক গবেষণা প্রস্তাব সাদৃশ্য সূচক (similarity index) পরীক্ষা করবেন এবং গবেষণা প্রস্তাবের সাথে সাদৃশ্য সূচক রিপোর্টটি সংযুক্ত করবেন। কোনো গবেষণা প্রস্তাবের সাদৃশ্য সূচক ২০% এর বেশি গ্রহণযোগ্য নয় এবং একক উৎস হতে ২% এর বেশি হবে না।

৩.২.১২ কর্তৃপক্ষের অনুদানে কোনো গবেষকের/গবেষণা দলের সদস্যের পূর্ববর্তী কোনো অর্থবছরে গৃহীত কোনো গবেষণা প্রকল্প চলমান থাকলে এবং উক্ত গবেষণার চূড়ান্ত প্রতিবেদন দাখিল না হয়ে থাকলে, তিনি নতুন গবেষণা প্রস্তাব দাখিল করতে পারবেন না।

**৩.৩ গবেষণা প্রস্তাব প্রাথমিক বাছাই:**

৩.৩.১ গবেষণা প্রস্তাবগুলি যথাযথ কাঠামো অনুসরণ করে প্রণয়ন করা হয়েছে কি-না তা প্রাথমিকভাবে বাছাই করা হবে।

৩.৩.২ প্রাথমিক বাছাই-এর উদ্দেশ্যে চেয়ারম্যান কর্তৃক অনুমোদিত কর্তৃপক্ষের একাধিক কর্মকর্তা সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে গবেষণা প্রস্তাবগুলিকে প্রাথমিকভাবে যাচাই-বাছাই করা হবে।

৩.৩.৩ বিজ্ঞপ্তি অথবা এই নীতিমালার কোনো অংশের ব্যত্যয় ঘটিয়ে গবেষণা প্রস্তাব দাখিল হলে, গবেষণা প্রস্তাব প্রাথমিকভাবেই বাতিল বলে বিবেচিত হবে।

৩.৩.৪ প্রাথমিকভাবে পর্যালোচনাপূর্বক বাছাইকৃত গবেষণা প্রস্তাবগুলিই মূল্যায়নের জন্য বিবেচিত হবে। তবে গবেষণা ব্যবস্থাপনা কমিটি প্রাথমিকভাবে বাছাইকৃত যেকোনো গবেষণা প্রস্তাব বাজেট স্বল্পতা, আবেদন স্বল্পতা, প্রয়োজনীতা, জনস্বার্থ ইত্যাদি বিবেচনায় গবেষণা প্রস্তাব মূল্যায়নে প্রেরণ নাও করতে পারেন। এক্ষেত্রে মূল্যায়নে প্রেরণ না করার সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক গবেষণা ব্যবস্থাপনা কমিটি একটি কার্যবিবরণী প্রস্তুত করবে।

**৩.৪ গবেষণা প্রস্তাব মূল্যায়ন:**

৩.৪.১ প্রতিটি গবেষণা প্রস্তাব কমপক্ষে কর্তৃপক্ষ বর্হিভূত ০২ জন বিষয়বস্তু বিশেষজ্ঞ মূল্যায়নকারী কর্তৃক মূল্যায়ন করা হবে এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মূল্যায়নকারীগণের গড় নম্বরের উপর ভিত্তি করে একটি সমন্বিত স্কোর তৈরিপূর্বক বিবেচনা করা হবে।

৩.৪.২ যে সকল ব্যক্তি/প্রতিষ্ঠান গবেষণা প্রস্তাব দাখিল করবেন, তাঁরা প্রাথমিক বাছাইকারী বা মূল্যায়নকারী সদস্য হতে পারবেন না এবং মূল্যায়নকারী দুইজন একই প্রতিষ্ঠানের হতে পারবে না।

৩.৪.৩ গবেষণা ব্যবস্থাপনা কমিটির কোনো সদস্য গবেষণা প্রস্তাবের মূল্যায়নকারী হতে পারবেন না।

৩.৪.৪ মূল্যায়কারীগণের নিকট গবেষকের নাম ও পরিচয়বিহীন (anonymous) গবেষণা প্রস্তাব মূল্যায়নের জন্য প্রেরণ করতে হবে।

৩.৪.৫ মূল্যায়নকারী গবেষণা সংক্রান্ত সকল তথ্য গোপন রাখবেন মর্মে পরিশিষ্ট-৪ অনুযায়ী একটি অঙ্গীকারনামা প্রদান করবেন।

৩.৪.৬ প্রতিটি গবেষণা প্রস্তাব ৭৫ নম্বরের ভিত্তিতে (সাধারণ-২৫, কারিগরি-৫০) কারিগরি মূল্যায়ন করা হবে। মূল্যায়কারীগণ পরিশিষ্ট-৫ এ সংযুক্ত নির্ধারিত কাঠামো অনুসরণ করে গবেষণা প্রস্তাব মূল্যায়ন করবেন। কর্তৃপক্ষ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজন অনুসারে এ কাঠামোর পরিবর্তন করতে পারবে।

৩.৪.৭ কর্তৃপক্ষ বর্হিভূত ০২ জন বিষয়বস্তু বিশেষজ্ঞ দ্বারা প্রতিটি গবেষণা প্রস্তাবের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হবে (short-list) এবং সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রস্তাবসমূহ কর্তৃপক্ষ কর্তৃক গঠিত গবেষণা চূড়ান্তকরণ কমিটিতে প্রেরণ করা হবে।

৩.৪.৮ মূল্যায়নকারী দুইজনের মধ্যে মূল্যায়নের ক্ষেত্রে ৩০%-এর অধিক বৈসাদৃশ্য পরিলক্ষিত হলে গবেষণা ব্যবস্থাপনা কমিটির অনুমোদনক্রমে তৃতীয় মূল্যায়নকারীর নিকট গবেষণা প্রস্তাব প্রেরণ করা হবে। এক্ষেত্রে তৃতীয় মূল্যায়নকারীর নম্বর পূর্বের দু জন মূল্যায়নকারীর নম্বরের মধ্যে যার সাথে অধিক সামঞ্জস্যপূর্ণ হবে, সে দুইটি নম্বরের গড়ই চূড়ান্ত নম্বর বলে বিবেচিত হবে।

**৩.৫ গবেষণা প্রস্তাব চূড়ান্তকরণ:**

৩.৫.১ গবেষণা প্রস্তাব চূড়ান্তকরণের নিমিত্তে নিম্নলিখিত সদস্যদের সমন্বয়ে একটি কমিটি থাকবে, যা কর্তৃপক্ষ সময়ে সময়ে পরিবর্তন করতে পারবে-

**গবেষণা প্রস্তাব চূড়ান্তকরণ কমিটি:**

| | |
|---|---|
| ১। চেয়ারম্যান/চেয়ারম্যান কর্তৃক মনোনীত কর্তৃপক্ষের একজন সদস্য | সভাপতি |
| ২। বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন একজন প্রতিনিধি (অধ্যাপকের নিম্নে নয়) | সদস্য |
| ৩। খাদ্য মন্ত্রণায়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৪। গবেষণা প্রতিষ্ঠানের একজন প্রতিনিধি {মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (Chief Scientific Officer)-এর নিম্নে নয়} | সদস্য |
| ৫। খাদ্য পরীক্ষাগার নেটওয়ার্ক সমন্বয় কার্যক্রম বিভাগের দায়িত্বপ্রাপ্ত পরিচালক/অতিরিক্ত পরিচালক | সদস্য |
| ৬। কর্তৃপক্ষের গবেষণা ও উন্নয়ন বিভাগের দায়িত্বপ্রাপ্ত পরিচালক/অতিরিক্ত পরিচালক | সদস্য |
| ৭। উপপরিচালক (গবেষণা ও উন্নয়ন) | সদস্য সচিব |

৩.৫.২ নতুন গবেষণা প্রস্তাব উপস্থাপন সংক্রান্ত সভায় গবেষণা প্রস্তাবের শিরোনাম, গবেষণা সমস্যা, গবেষণার উদ্দেশ্য, গবেষণা পদ্ধতি, গবেষণা বাজেট, গবেষণার সম্ভাব্য ফলাফল (Outcome), জাতীয় নীতিমালার সাথে সম্পৃক্ততা, কর্মপরিকল্পনা (Action Plan), ইত্যাদির সামঞ্জস্যতা বিষয়ে বিশদভাবে আলোচনা করতে হবে।

৩.৫.৩ প্রস্তাব চূড়ান্তকরণ কমিটি সংশ্লিষ্ট প্রস্তাবের প্রধান গবেষকের সাথে আলোচনাক্রমে গবেষণা প্রস্তাবের শিরোনাম, গবেষণা সমস্যা, গবেষণার উদ্দেশ্য, গবেষণা পদ্ধতি, গবেষণা বাজেট, গবেষণার সম্ভাব্য ফলাফল (Outcome), কর্মপরিকল্পনা (Action Plan) ইত্যাদি পরিবর্তন করতে পারবে। প্রেজেন্টেশনের পদ্ধতি চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত হবে।

৩.৫.৪ গবেষণা প্রস্তাব চূড়ান্তকরণ কমিটি ২৫ নম্বরের একটি উপস্থাপনা (Presentation) মূল্যায়ন করবেন এবং বিশেষজ্ঞ মূল্যায়ন এবং উপস্থাপনা মূল্যায়নের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সমন্বিত স্কোর প্রস্তুত করবেন।

৩.৫.৫ গবেষণা প্রস্তাবসমূহের বিষয়বস্তু বিশেষজ্ঞ ও উপস্থাপনা মূল্যায়ন হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে গবেষণা চূড়ান্তকরণ কমিটি গবেষণা প্রস্তাবসমূহ পরীক্ষা-নিরীক্ষা করার পর সুপারিশকৃত গবেষণা প্রস্তাব কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য সুপারিশ করবেন।

৩.৫.৬ কর্তৃপক্ষের সচিব, প্রযোজ্যক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিটি অনুমোদিত গবেষণা প্রস্তাবের অনুকূলে খসড়া চুক্তিনামাসহ অফিস আদেশ জারি করবেন।

**৩.৬ চুক্তি স্বাক্ষর ও অনুদান হস্তান্তর:**

৩.৬.১ অনুদানের আদেশ প্রাপ্তির ৭ দিনের মধ্যে প্রধান গবেষক/প্রতিষ্ঠান প্রধানের সাথে কর্তৃপক্ষের বা কর্তৃপক্ষের পক্ষে অনুমোদিত কর্মকর্তার পরিশিষ্ট ৬ এর সংযোজিত চুক্তিনামা স্বাক্ষরিত হবে। চুক্তিনামার শর্তাবলী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে পরিবর্তন করতে পারবে।

৩.৬.২ কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অনুদানের জন্য চূড়ান্তভাবে মনোনীত গবেষণাসমূহ একটি Inception Seminar আয়োজনের মাধ্যমে ১ম কিস্তির অনুদান হস্তান্তর করতে পারবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সেমিনার/কর্মশালা খাত হতে সেমিনারের ব্যয় নির্বাহ করা হবে।

**৩.৭ গবেষণার মেয়াদ:**

৩.৭.১ একটি গবেষণার মেয়াদ সাধারণভাবে একবছরের (১২ মাস) মধ্যে সীমিত থাকবে। তবে অনিবার্যকারণে গবেষণা ব্যবস্থাপনা কমিটির সুপারিশক্রমে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে সময়সীমা বৃদ্ধি করতে পারবে। তবে কর্তৃপক্ষ প্রয়োজনীয়তার নিরিখে দীর্ঘমেয়াদি গবেষণা প্রস্তাব বিবেচনা করতে পারবে। দীর্ঘমেয়াদি গবেষণা প্রস্তাব আহবান ও নির্বাচন পদ্ধতি কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

৩.৭.২ গবেষণার সময়সীমা বর্ধিতকরণের প্রয়োজনীয়তা থাকলে সংশ্লিষ্ট প্রধান গবেষককে গবেষণা সমাপ্তির নির্ধারিত তারিখের কমপক্ষে ২ (দুই) মাস পূর্বেই যৌক্তিক কারণসহ আবশ্যিকভাবে কর্তৃপক্ষের চেয়ারম্যান বরাবর আবেদন করতে হবে।

৩.৭.৩ কোনো গবেষক সময় বৃদ্ধির আবেদন করিলে, কর্তৃপক্ষ কর্তৃক বিবেচ্য হইলে যথাযথ কারণ বিবেচনায় কর্তৃপক্ষ সময়বৃদ্ধির আবেদন বিবেচনা করতে পারবেন। সময়বৃদ্ধি গবেষণার ধরনভেদে ০২ (দুই) থেকে সর্বোচ্চ ০৬ (ছয়) মাস পর্যন্ত করা যেতে পারে। তবে সর্বসাকুল্যে কোনোভাবেই ৬ মাসের অধিক সময় বৃদ্ধি করা যাবে না।

**৩.৮ গবেষণার শুরুর তারিখ:**

৩.৮.১ গবেষণা প্রস্তাব অনুমোদনের পর কর্তৃপক্ষ বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রধান গবেষক/প্রতিষ্ঠান প্রধানের সাথে চুক্তি স্বাক্ষরের দিন থেকে গবেষণার শুরুর তারিখ গণনা করা হবে।

৩.৮.২ চুক্তি স্বাক্ষরের পর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত গবেষণার অনুকূলে প্রতিটি গবেষণার অনুকূলে প্রথম কিস্তির অর্থ অগ্রিম (৫০%) হিসাবে প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

৩.৮.৩ গবেষণা সময়সীমার মধ্যে গবেষণা প্রতিবেদনের (পরিশিষ্ট -৭ এ সংযুক্ত) ০৩ (তিন) কপি খসড়া দাখিল করতে হবে, অন্যথায় উক্ত গবেষণা বাতিল বলে গণ্য হবে এবং পরবর্তী এক মাসের মধ্যে গৃহীত অগ্রিম অর্থ কর্তৃপক্ষের নিকট ফেরৎ প্রদান করতে হবে।

**৩.৯ গবেষণা কর্মের অগ্রগতি পর্যালোচনা**

৩.৯.১ প্রধান গবেষক প্রকল্পের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত ছকে (সংযোজনী-১) গবেষণা ব্যবস্থাপনা কমিটি বরাবর দাখিল করবেন।

৩.৯.২ অগ্রগতি প্রতিবেদনের সাথে নির্ধারিত ছকে গবেষণা ব্যয় বিবরণীও (সংযোজনী-২) দাখিল করতে হবে।

৩.৯.৩ কোনো গবেষক পর পর ২ (দুই)টি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত ছকে গবেষণা ব্যবস্থাপনা কমিটি বরাবর পেশ করতে ব্যর্থ হলে উক্ত প্রকল্প বাতিল বলে গণ্য হবে এবং পরবর্তী এক মাসের মধ্যে গৃহীত অগ্রিম অর্থ কর্তৃপক্ষের নিকট ফেরৎ প্রদান করতে হবে।

**৩.১০ সম্পাদিত গবেষণার সমাপ্তি প্রতিবেদন:**

৩.১০.১ গবেষণা সময়সীমার মধ্যে চূড়ান্ত গবেষণা প্রতিবেদনের (পরিশিষ্ট-৭ এ সংযুক্ত) ০৩ (তিন) কপি খসড়া দাখিল করতে হবে। উক্ত প্রতিবেদন গবেষণা সমাপ্তি প্রতিবেদন হিসেবে বিবেচ্য হবে।

৩.১০.২ মূল গবেষক গবেষণা প্রতিবেদনের সাদৃশ্য সূচক (Similarity Index) পরীক্ষা করবেন এবং গবেষণা সমাপ্তি প্রতিবেদনের সাথে 'সাদৃশ্য সূচক' রিপোর্টটি সংযুক্ত করবেন। কোনো গবেষণা প্রতিবেদনের সাদৃশ্য সূচক ২০% এর বেশি হলে তা গ্রহণযোগ্য হবে না এবং একক উৎস হতে তা ২% এর বেশি হবে না।

৩.১০.৩ গবেষণা কার্যের জন্য প্রদত্ত অনুদানের টাকায় ক্রয়কৃত যে কোনো বৈজ্ঞানিক যন্ত্রপাতি, গ্রন্থাদি এবং গ্রন্থাগার সামগ্রী চূড়ান্ত প্রতিবেদনের সাথে প্রথম পক্ষের নিকট হস্তান্তর করিতে হইবে।

**৩.১১ সম্পাদিত গবেষণার প্রতিবেদন মূল্যায়ন ও অনুমোদন**

৩.১১.১ মূল্যায়নের উদ্দেশ্যে গবেষণা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বিশদ গবেষণা ক্ষেত্র অনুযায়ী দুইজন বিষয়বস্তু বিশেষজ্ঞ (কর্তৃপক্ষ বহির্ভূত) কর্তৃক প্রতিটি গবেষণা প্রতিবেদন মূল্যায়ন করা হবে।

৩.১১.২ কমপক্ষে দুইজন বিশেষজ্ঞ দ্বারা গবেষণা প্রতিবেদন মূল্যায়ন করতে হবে।

৩.১১.৩ যে সকল কর্তৃপক্ষের কর্মকর্তা গবেষণা কর্মে নিযুক্ত থাকবেন, তাঁরা কোনো গবেষনা প্রতিবেদনের মূল্যায়নকারী হবেন না।

৩.১১.৪ গবেষণা ব্যবস্থাপনা কমিটির কোনো সদস্য কোনো গবেষণা প্রতিবেদনের কারিগরি মূল্যায়নকারী হবেন না।

৩.১১.৫ মূল্যায়কারীগণের নিকট গবেষকের নাম ও পরিচয়বিহীন (anonymous) গবেষণা প্রতিবেদন মূল্যায়নের জন্য প্রেরণ করা হবে।

৩.১১.৬ কর্তৃপক্ষ বিশদ গবেষণা ক্ষেত্র অনুযায়ী একাধিক মূল্যায়নকারীর একটি প্যানেল ঠিক করতে পারবেন। কর্তৃপক্ষ সময়ে সময়ে এ প্যানেল পরিবর্তন করতে পারবেন।

৩.১১.৭ মূল্যায়ন প্যানেলের অন্তর্ভুক্ত দুইজন সদস্যকে নির্ধারিত মূল্যায়ন কাঠামোসহ (পরিশিষ্ট-৮) গবেষণা প্রতিবেদন প্রেরণ করবেন। তবে, গবেষণা ব্যবস্থাপনা কমিটি অনুমোদনক্রমে পরিবর্তিত পরিস্থিতিতে সময়ে সময়ে এ কাঠামোর পরিবর্তন করতে পারবে এবং গবেষণা প্রতিবেদন মূল্যায়নের কাজে ব্যবহার করতে পারবে।

৩.১১.৮ মূল্যায়নকারী গবেষণা সংক্রান্ত সকল তথ্য গোপন রাখবেন মর্মে একটি অঙ্গীকারনামা প্রদান করবেন (পরিশিষ্ট-৯)।

৩.১১.৯ মূল্যায়নকারীগণ তাঁদের মূল্যায়ন প্রতিবেদন জমা দিলে তা সংশ্লিষ্ট গবেষককে প্রেরণের পূর্বে মূল্যায়নকারীগণের নাম ও ঠিকানা গোপন রেখে প্রেরণ করতে হবে।

৩.১১.১০ মূল্যায়নকারীগণ তাঁদের মূল্যায়ন প্রতিবেদনে বিস্তর পরিমার্জন (major revision) এর পক্ষে মত দিলে, গবেষক কর্তৃক প্রতিবেদন পরিমার্জনের পর তা পুনরায় সংশ্লিষ্ট মূল্যায়নকারীর নিকট প্রেরণ করতে হবে তার চূড়ান্ত মন্তব্যের জন্য। তবে

অল্পবিস্তর পরিমার্জন (minor revision)-এর পক্ষে মতামত প্রদান করলে পুনরায় সংশ্লিষ্ট মূল্যায়নকারীর নিকট প্রেরণ করতে হবে না।

৩.১১.১১ মূল্যায়নকারী দুইজনের মধ্যে সামগ্রিক মূল্যায়নে গবেষণা প্রতিবেদন গ্রহণের ক্ষেত্রে বৈসাদৃশ্য (Accepted vs Rejected) পরিলক্ষিত হলে গবেষণা ব্যবস্থাপনা কমিটির অনুমোদনক্রমে তৃতীয় মূল্যায়নকারীর নিকট গবেষণা প্রতিবেদন প্রেরণ করা হবে। এক্ষেত্রে তৃতীয় মূল্যায়নকারীর সিদ্ধান্ত পূর্বের মূল্যায়নকারীদের সিদ্ধান্তের মধ্যে যার সাথে অধিক সামঞ্জস্যপূর্ণ হবে, সে দুইটি সিদ্ধান্তের ওপর ভিত্তি করে চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৩.১১.১২ গবেষণা ব্যবস্থাপনা কমিটিতে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট গবেষক পরিমার্জিত চূড়ান্ত গবেষণা প্রতিবেদনের সফটকপিসহ মুদ্রিত ৫ (পাঁচ) কপি গবেষণা ব্যবস্থাপনা কমিটি বরাবর দাখিল করবেন।

৩.১১.১৩ প্রতিটি গবেষণা প্রতিবেদন সংশ্লিষ্ট মূল্যায়কারীগণের মতামতের ভিত্তিতে গবেষণা ব্যবস্থাপনা কমিটি উপযুক্ত মনে করলে অনুমোদন করবেন। মূল্যায়নকারীগণের নিকট গবেষণা প্রতিবেদন গ্রহণযোগ্য কিংবা উপযুক্ত না হলে, গবেষণাটি বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে গবেষক কর্তৃক গৃহীত সকল অর্থ ফেরৎ প্রদান করতে হবে।

৩.১১.১৪ গবেষণা প্রতিবেদন মূল্যায়নকারীদের নিকট বাতিল বলে গণ্য হলে, প্রধান গবেষক এ বিষয়ে কর্তৃপক্ষ বরাবর আপিল করতে পারবেন। আপিল দাখিল করলে, কর্তৃপক্ষ পুনরায় মূল্যায়নের জন্য মূল্যায়ন প্যানেলের অন্তর্ভুক্ত একজন সদস্যকে নির্ধারিত মূল্যায়ন কাঠামোসহ (পরিশিষ্ট-৮) গবেষণা প্রতিবেদন প্রেরণ করতে হবে। মূল্যায়ন ফলাফল প্রাপ্তি সাপেক্ষে গবেষণা ব্যবস্থাপনা কমিটি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

৩.১১.১৫ কোনো গবেষণা/গবেষণা প্রতিবেদন মূল্যায়নকারীগণ কর্তৃক বাতিল বলে গণ্য হলে গবেষণা ব্যবস্থাপনা কমিটি সুপারিশ//মতামতসহ বিষয়টি কর্তৃপক্ষের সভায় উপস্থাপন করবেন। এক্ষেত্রে কর্তৃপক্ষের সভার সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**৩.১২ সেমিনারে চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন**

৩.১২.১ প্রতিটি গবেষণার চূড়ান্ত প্রতিবেদন কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত সেমিনারে উপস্থাপন করতে হবে।

৩.১২.২ গবেষণা প্রতিবেদনের ভাষা হবে ইংরেজি; তবে প্রয়োজনে কোনো গবেষণার চূড়ান্ত প্রতিবেদন বাংলা ভাষায় রূপান্তর করা যাবে।

৩.১২.৩ প্রতিবেদন নির্ধারিত কাঠামো অনুসরণ করে তৈরি করা হয়েছে কিনা গবেষণা ব্যবস্থাপনা কমিটি তা পরীক্ষা করবে এবং নির্ধারিত কাঠামো অনুসরণ না করলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট গবেষককে নির্ধারিত কাঠামো অনুসরণ করার জন্য অনুরোধ করে পত্র প্রদান করবেন।

৩.১২.৪ সেমিনারে প্রাপ্ত মতামতসমূহ গবেষক তার গবেষণা প্রতিবেদনে কিভাবে প্রতিফলন করেছেন তা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ছক (পরিশিষ্ট-১০) অনুসরপূর্বক গবেষণা ও উন্নয়ন বিভাগ বরাবর দাখিল করবেন।

**৩.১৩ গবেষণার ফলাফল প্রকাশ**

৩.১৩.১ কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত সকল গবেষণার প্রতিবেদনের স্বত্ব কর্তৃপক্ষের নিকট ন্যস্ত থাকবে। কর্তৃপক্ষ যে কোনো সময় গবেষণার ফলাফল জনগুরুত্ব বিবেচনায় ব্যবহার করতে পারবে, এজন্য সংশ্লিষ্ট গবেষকের অনুমতির প্রয়োজন হবে না। কর্তৃপক্ষ কোনো গবেষণা প্রতিবেদন প্রকাশ করলে তাতে অবশ্যই সংশ্লিষ্ট গবেষকগণের নাম উল্লেখ থাকবে।

৩.১৩.২ গবেষণা কর্ম কোনো দেশি/বিদেশি জার্নালে প্রকাশিত হলে অর্থের উৎস সম্পর্কে কর্তৃপক্ষের নাম উল্লেখ করতে হবে।

৩.১৩.৩ গবেষক পত্র বা ই-মেইলের মাধ্যমে কর্তৃপক্ষকে অবহিত করে পূর্বানুমোদন সাপেক্ষে গবেষণার ফলাফলের উপর লিখিত প্রবন্ধ জার্নালে প্রকাশ করতে পারবেন। গবেষণা কার্যের সাথে কর্তৃপক্ষ মনোনীত একজন কর্মকর্তা ফোকাল পয়েন্ট হিসেবে

দায়িত্ব পালন করবেন। গবেষণা বিষয়ে প্রয়োজনীয় মতামত/পরামর্শ প্রদান এবং গবেষণা পত্র জার্নালে প্রকাশের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা সাপেক্ষে গবেষকগণ উক্ত কর্মকর্তার নাম গবেষণা পত্রে/জার্নালে অন্তর্ভুক্ত করতে হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমোদন প্রয়োজন হবে।

৩.১৩.৪ সম্পাদিত গবেষণাটি জাতীয়/আন্তর্জাতিক (Peer Reviewed) কোনো জার্নালে প্রকাশযোগ্য হতে হবে। গবেষকগণ গবেষণাপত্রটি গবেষণা সমাপ্তির ০২ বছরের মধ্যে জাতীয়/আন্তর্জাতিক (Peer Reviewed) কোনো জার্নালে প্রকাশ করতে না পারলে, সংশ্লিষ্ট গবেষক পরবর্তীতে গবেষণা কর্ম সম্পদানের জন্য এই নীতিমালার অধীন কোনো ধরনের গবেষণায় বাজেট পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না।

৩.১৩.৫ গবেষণা শাখা প্রতি বছর সম্পাদিত গবেষণাকর্মসমূহের উপর প্রচার (Dissemination) সংক্রান্ত একটি সেমিনার আয়োজন করবে, যেখানে গবেষণার বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, দপ্তরের কর্মর্কাগণকে উপস্থিত থাকতে আমন্ত্রণ জানানো হবে। উক্ত সেমিনারে সম্পাদিত গবেষণাকর্মসমূহের গবেষকগণ তাঁদের নিজ নিজ গবেষণার ফলাফল উপস্থাপন করবেন। এরূপ সেমিনারের ব্যয় কর্তৃপক্ষের সেমিনার খাত থেকে নির্বাহ করা হবে।

৩.১৩.৬ সম্পাদিত গবেষণার ফলাফলের উপর গবেষক ইচ্ছাপোষণ করলে একটি প্রবন্ধ প্রস্তুত করে কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত পত্রিকা বা সাময়িকীতে প্রকাশ করতে পারবেন।

**৩.১৪ গবেষণা স্বত্ব:**

৩.১৪.১ সম্পাদিত গবেষণার মাধ্যমে উদ্ভাবিত পণ্য, তথ্য, ডাটা, ডিজাইন, নক্সা, মডেল, ফর্মুলা, পদ্ধতি (Method/Process) ইত্যাদিতে কর্তৃপক্ষ ও গবেষকের যৌথ স্বত্ব বিদ্যমান থাকবে, তবে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ ব্যতীত গবেষকগণ প্রতিবেদনটি মুদ্রণ, প্রকাশ, বিক্রয় কিংবা গণমাধ্যমে প্রকাশ করতে পারবেন না। কর্তৃপক্ষের অর্থায়নে গবেষণা কার্যটি সম্পন্ন হয়েছে, এই শর্তে প্রকাশনা গ্রন্থ, বৈজ্ঞানিক প্রবন্ধ প্রকাশ/সেমিনার আয়োজন করা যাবে, তবে এ বিষয়ে পূর্বেই কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন হবে।

৩.১৪.২ বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property) ও কপিরাইট (Copyright)-সংক্রান্ত বিষয়ে 'কপিরাইট আইন, ২০০০'এবং এ সংক্রান্ত প্রচলিত অন্যান্য আইন এবং বিধি-বিধান অনুসরণ করতে হবে।

৩.১৪.৩ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় গবেষণার ফলাফল সংক্রান্ত কোনো মতামত বা প্রতিবেদন প্রকাশ করা যাবে না।

**৩.১৫ পলিসি ব্রিফ প্রণয়ন:**

৩.১৫.১ প্রতিটি সম্পাদিত গবেষণার চূড়ান্ত প্রতিবেদনের উপর ভিত্তি করে প্রযোজ্য ক্ষেত্রে গবেষক একটি পলিসি ব্রিফ তৈরি করতে পারবেন এবং কর্তৃপক্ষ বরাবর জমা প্রদান করতে পারবেন। এরূপ পলিসি ব্রিফ কর্তৃপক্ষের নিকট উপযুক্ত প্রতীয়মান হলে কর্তৃপক্ষ পলিসি ব্রিফটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, দপ্তরে প্রেরণ করবেন। পলিসি ব্রিফে সংশ্লিষ্ট গবেষকগণের নাম উল্লেখ থাকবে। প্রযোজ্যক্ষেত্রে ব্যাপক প্রচার ও সংরক্ষণের জন্য পলিসি ব্রিফটি কর্তৃপক্ষের ওয়েবসাইটে/গণবিজ্ঞপ্তি আকারে প্রকাশ করতে পারবে।

## চতুর্থ অধ্যায়
## কর্তৃপক্ষের গবেষণা ব্যবস্থাপনা

**৪.১ গবেষণা ব্যবস্থাপনা কমিটির কাঠামো**

কর্তৃপক্ষের গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি গবেষণা ব্যবস্থাপনা কমিটি থাকবে। এ কমিটি কর্তৃপক্ষ কর্তৃক গঠিত হবে। কমিটির গঠন নিম্নরূপ হবে:

<u>গবেষণা ব্যবস্থাপনা কমিটি:</u>

| | |
|---|---|
| ১। কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কর্তৃপক্ষের একজন সদস্য | সভাপতি |
| ২। খাদ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিম্নে নহে) | সদস্য |
| ৩। গবেষণা ও উন্নয়ন বিভাগের দায়িত্বপ্রাপ্ত পরিচালক/অতিরিক্ত পরিচালক | সদস্য |
| ৪। গবেষণা কর্মকর্তা (গবেষণা ও নীতি শাখা) বা কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত অন্য কোনো কর্মকর্তা | সদস্য |
| ৫। উপপরিচালক (গবেষণা ও উন্নয়ন) | সদস্য সচিব |

**৪.২ গবেষণা ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি**

(১) সকল গবেষণা প্রস্তাব পর্যালোচনা করা ও অনুমোদনের জন্য কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা;

(২) গবেষণা প্রতিবেদন অনুমোদন করা ও গবেষণা প্রতিবেদন প্রকাশনা সম্পর্কে অভিমত প্রদান করা;

(৩) সময়ে সময়ে পরিবর্তন কিংবা উদ্ভূত পরিস্থিতি মোকাবেলার প্রয়োজনে গবেষণা নীতিমালা পরিবর্তন, পরিমার্জন ও সংশোধনের সুপারিশ করা।

(৪) বার্ষিক গবেষণা প্রতিবেদন প্রস্তুত ও গবেষণা প্রচার কর্মশালা আয়োজন করা;

(৫) গবেষণা প্রস্তাব ও গবেষণা প্রতিবেদন মূল্যায়নকারী নির্ধারণ;

(৬) গবেষণা সরেজমিন পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

(৭) গবেষণা সংক্রান্ত কার্যক্রম সমন্বয় ও নিয়মিত তদারকি করা।

**৪.৩ কর্তৃপক্ষ কর্তৃক গবেষণা প্রকল্প ভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ**

৪.৩.১ গবেষণা প্রকল্প নিবিড়ভাবে পর্যবেক্ষণের স্বার্থে কর্তৃপক্ষ গবেষণা প্রকল্প ভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করতে পারবেন।

৪.৩.২ এ ধরনের ফোকাল কর্মকর্তা নির্ধারিত হলে তিনি প্রকল্প হতে সম্মানী (এককালীন) প্রাপ্ত হবেন যা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে। সম্মানীর হার কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে।

৪.৩.৩ ফোকাল পয়েন্ট কর্মকর্তার দায়িত্বাবলী নিম্নরূপ হবে-

(ক) ফোকাল পয়েন্ট কর্মকর্তা অনুদান প্রদানকারী কর্তৃপক্ষ এবং গবেষকদের মধ্যে যোগাযোগের মাধ্যম হিসেবে কাজ করবেন।

(খ) গবেষণা প্রকল্পের গুণমান এবং প্রভাব (impact) বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সহায়তা ও পরামর্শ প্রদান করবেন।

(গ) অনুদানের চেক/কিস্তি ছাড়ের ক্ষেত্রে পূর্ববর্তী ব্যয়/ভাউচার পরীক্ষা করবেন এবং গবেষণা ব্যবস্থাপনা কমিটিকে অর্থ ছাড়ের বিষয়ে সুপারিশ করবেন।

(ঘ) প্রধান গবেষক/গবেষকগণ কর্তৃক সময়-সময় প্রেরিত অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করবেন এবং গবেষণা ব্যবস্থাপনা কমিটি বরাবর মতামত/সুপারিশ প্রদান করবেন।

(ঙ) গবেষণা প্রকল্পে উদ্ভূত যেকোনো সমস্যা সমাধানের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন এবং কর্তৃপক্ষকে অবহিত করবেন।

(চ) কোনো গবেষণা প্রকল্প স্থবির বা গতিশীল না থাকলে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন এবং কর্তৃপক্ষকে দ্রুত অবহিত করবেন।

(ছ) প্রধান গবেষকদের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন, তথ্য প্রদান, অগ্রগতি প্রতিবেদন গ্রহণ ও পর্যালোচনাসহ প্রকল্প সম্পর্কিত সকল কার্যক্রম সমন্বয় করবেন।

**৪.৪ গবেষণা তথ্য ভান্ডার**

৪.৪.১ গবেষণা ও উন্নয়ন বিভাগ কর্তৃপক্ষের সকল গবেষণা কর্মের তথ্য ভান্ডার সংরক্ষণ করবেন। প্রযোজ্যক্ষেত্রে গবেষক ও গবেষণা কর্মের ডাটাবেজ প্রস্তুতকরতঃ সংরক্ষণ করবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে জনস্বার্থে প্রকাশ করবেন।

৪.৪.২ প্রতিটি গবেষণার চূড়ান্ত প্রতিবেদনের সফট কপি এবং হার্ডকপি কর্তৃপক্ষের লাইব্রেরিতে জমা করতে হবে।

## পঞ্চম অধ্যায়
## গবেষণা দল গঠন

**৫.১ গবেষণা দলে অন্তর্ভুক্তি**

৫.১.১ একটি গবেষণা দলে ন্যূনতম একজন প্রধান গবেষক ও একজন সহযোগী গবেষক থাকতে হবে;

৫.১.২ কোনো গবেষণায় একাধিক গবেষক জড়িত থাকলে গবেষণা দলের সকল সদস্যকে ঐ গবেষণার দায়দায়িত্ব বহন করতে হবে। গবেষণা প্রস্তাব অনুমোদিত হওয়ার পর কোনো গবেষক বদলি হলে বা অবসর গ্রহণ করলেও তিনি গবেষণা শেষ করতে পারবেন। সেক্ষেত্রে গবেষণার যাবতীয় আর্থিক দায়িত্ব তাকে বহন করতে হবে;

৫.১.৩ কোনো গবেষক এক অর্থবছরে একটির বেশি গবেষণায় গবেষকের ভূমিকায় নিযুক্ত হতে পারবেন না;

৫.১.৪ গবেষণা প্রস্তাব গ্রহণ সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্তগ্রহণে যার সাথে স্বার্থের সংঘাত (conflict of interest) থাকবে তাকে গবেষণা দলে অন্তর্ভুক্ত করা যাবে না।

**৫.২ প্রধান গবেষক/সহযোগী গবেষকের যোগ্যতা:**

**৫.২.১ প্রধান গবেষকের যোগ্যতা:**

ক) কমপক্ষে সহযোগী অধ্যাপক অথবা প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (Principle Scientific Officer) বা সমমানের পদের কর্মকর্তা হতে হবে;

খ) সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে;

গ) কমপক্ষে ১টি গবেষণা প্রকল্প সম্পন্ন করেছেন অথবা কমপক্ষে ১০ জন ছাত্র-ছাত্রীর গবেষণা থিসিস কার্যক্রমে তত্ত্বাবধায়ক/সহতত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করেছেন;

ঘ) আন্তর্জাতিকভাবে স্বীকৃত জার্ণালে কমপক্ষে ৫টি প্রকাশনা থাকতে হবে;

ঙ) পিএইচডি ডিগ্রি থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচ্য হবে।

৫.২.২ **সহযোগী গবেষকের যোগ্যতা:**

ক) কমপক্ষে প্রভাষক অথবা বৈজ্ঞানিক কর্মকর্তা বা সমমানের পদের কর্মকর্তা হতে হবে;

খ) সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে;

গ) আন্তর্জাতিকভাবে স্বীকৃত জার্ণালে কমপক্ষে ২টি প্রকাশনা থাকতে হবে;

ঘ) পিএইচডি ডিগ্রি থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচ্য হবে।

৫.৩ **গবেষকগণের অযোগ্যতা**

৫.৩.১ নৈতিক অসততা, চাকরিবিধি বা প্রচলিত আইনের আওতায় অভিযুক্ত হলে অথবা শাস্তিপ্রাপ্ত হলে এবং উক্ত শাস্তি প্রদানের আদেশ হতে পাঁচ বছর অতিক্রান্ত না হলে;

৫.৩.২ বুদ্ধিবৃত্তিক চৌর্যবৃত্তি (Plagiarism)-এর দায়ে অভিযুক্ত বা শাস্তিপ্রাপ্ত হলে। বুদ্ধিবৃত্তিক চৌর্যবৃত্তি (Plagiarism)-এর দায়ে শাস্তিপ্রাপ্ত হলে আজীবন অযোগ্য মর্মে বিবেচিত হবে।

৫.৪ **গবেষণা দলে নিয়োজিত গবেষকগণের লিখিত সম্মতি জ্ঞাপন পত্র**

৫.৪.১ গবেষণা দলে অন্তর্ভূক্ত সকল সদস্যের স্বাক্ষর সম্বলিত একটি সম্মতি জ্ঞাপন পত্র সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট গবেষণা প্রস্তাবে সংযুক্ত করতে হবে। সম্মতি জ্ঞাপন পত্রে গবেষণার শিরোনাম, অর্থবছর ও গবেষণা দলের সদস্যগণের নাম ও স্বাক্ষর থাকবে (পরিশিষ্ট-২)।

৫.৪.২ উক্ত সম্মতি জ্ঞাপন পত্রে গবেষণা দলের সদস্যগণ কর্তৃপক্ষকে এই মর্মে অঙ্গীকার প্রদান করবেন যে, তারা নির্দিষ্ট সময়ে সংশ্লিষ্ট গবেষণার কাজ সুসম্পন্ন করবেন এবং কোনো কারণে গবেষণা কর্ম অসম্পূর্ণ রেখে গবেষণা কর্ম থেকে অব্যাহতি নিলে গৃহীত সম্মানীসহ (যদি গ্রহণ করে থাকেন) সমুদয় অর্থ কর্তৃপক্ষকে ফেরত প্রদান করবেন।

৫.৫ **গবেষণা দলে নিয়োজিত গবেষকগণের পরিবর্তন সংক্রান্ত:**

৫.৫.১ অনুমোদিত গবেষণায় নিয়োজিত গবেষকগণের পরিবর্তনের ক্ষেত্রে কর্তৃপক্ষের গবেষণা ব্যবস্থাপনা কমিটি বরাবর আবেদন করতে হবে। গবেষণা ব্যবস্থাপনা কমিটির সুপারিশের ভিত্তিতে কর্তৃপক্ষ গবেষক পরিবর্তনের চূড়ান্ত অনুমোদন দিতে পারবে।

## ষষ্ঠ অধ্যায়
## গবেষণা কর্মের আর্থিক ব্যবস্থাপনা

**৬.১ তহবিলের উৎস**

নিম্নলিখিত উৎসসমূহ থেকে গবেষণা কর্মের তহবিল গঠিত হবে:

(ক) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ আর্থিক বিধিমালা, ২০১৯ এর বিধি ৩ এ উল্লিখিত খাতসমূহ; এবং

(খ) সরকার অনুমোদিত দেশি ও বিদেশি সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক গবেষণা পরিচালনার জন্য প্রদত্ত অর্থ।

**৬.২ প্রাথমিক বাছাই কমিটি/গবেষণা প্রস্তাব চূড়ান্তকরণ কমিটি/গবেষণা ব্যবস্থাপনা কমিটির সদস্যগণের সম্মানী**

৬.২.১ 'বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ আর্থিক বিধিমালা, ২০১৯'-এর বিধি ৪(ছ) অনুযায়ী গবেষণা প্রস্তাব প্রাথমিক বাছাই কমিটির, চূড়ান্তকরণ কমিটি ও গবেষণা ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ প্রতি সভায় অংশগ্রহণের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে সম্মানী প্রাপ্য হবেন। সম্মানীর হার কারিগরি কমিটির সভায় অংশগ্রহণের জন্য প্রযোজ্য হারের বেশি হবে না।

৬.২.২ গবেষণা প্রস্তাব প্রাথমিক বাছাই কমিটি, গবেষণা প্রস্তাব চূড়ান্তকরণ কমিটি ও গবেষণা ব্যবস্থাপনা কমিটির সদস্যগণের সম্মানীর অর্থ কর্তৃপক্ষের সম্মানী খাতের বরাদ্দকৃত অর্থ হতে পরিশোধ করা হবে।

**৬.৩ মূল্যায়নকারীগণের সম্মানী**

৬.৩.১ গবেষণা প্রস্তাবের মূল্যায়নের (কারিগরি) জন্য বিশেষজ্ঞ মূল্যায়নকারী সদস্যগণের এবং গবেষণা শেষে প্রতিটি গবেষণা প্রতিবেদনের চূড়ান্ত মূল্যায়নের জন্য বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ মূল্যায়নকারী সদস্যগণের সম্মানী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে এবং এ অর্থ কর্তৃপক্ষের সম্মানী খাতের বরাদ্দকৃত অর্থ হতে পরিশোধ করা হবে।

৬.৩.২ মূল্যায়নকারীগণের সম্মানীর হার সময় সময় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিবর্তন করা যাবে।

**৬.৪ গবেষণা কর্মের বাজেট বিভাজন**

৬.৪.১ একটি গবেষণা কর্মের বাজেট বিভাজনে নিম্নলিখিত খাতসমূহ অন্তর্ভুক্ত থাকতে পারবে:

(ক) গবেষণা দলের সম্মানী: প্রধান গবেষক, সহযোগী গবেষক, গবেষণা সহযোগী/সদস্য, পরামর্শক, কর্তৃপক্ষের একজন কর্মকর্তা (যিনি ফোকাল ব্যক্তি) সম্মানী প্রাপ্য হবেন।

(খ) গবেষণা নির্বাহ ব্যয়:

(১) গবেষণার নমুনা সংগ্রহ ব্যয় (তথ্য সংগ্রহকারী/ গবেষণা সহকারীগণের সম্মানী, গবেষণা দলের যাতায়াত ও দৈনিক ভাতা (যদি প্রয়োজন হয়), তথ্য সংগ্রহকারী/গবেষণা সহকারীগণের প্রশিক্ষণ সংক্রান্ত ব্যায়, তথ্য সংগ্রহকারী/ গবেষণা সহকারীগণের জন্য টুল কিট, প্রশ্নমালা প্রিন্টিং ও ফটোকপি, ফোকাস গ্রুপ ডিসকাশন আয়োজন; ডাটা সংগ্রহ, রিএজেন্ট ক্রয়, ছোট খাটো যন্ত্রপাতি, ইত্যাদি);

(২) তথ্য প্রক্রিয়াকরণ ব্যয় (ট্রান্সক্রিপশন তৈরি/ সফ্টওয়ারে ডাটা এন্ট্রি/ডাটা এনালাইসিস);

(৩) স্টেশনারি আইটেম;

(৪) গবেষণার প্রতিবেদন প্রিন্টিং, ফটোকপি ও বাঁধাই;

(৫) গবেষণার সমাপ্তি প্রতিবেদন মূল্যায়নকারীদের সম্মানী ব্যয়;

(৬) আনুষঙ্গিক ব্যয় (মোট বাজেটের ৫% এর বেশি নয়);

(গ) পরিশিষ্ট-৩ এ বর্ণিত মডেল অনুসরণপূর্বক বাজেট প্রণয়ন করতে হবে। যা সময় সময় কর্তৃপক্ষ পরিবর্তন করতে পারবেন।

৬.৪.২ অনুমোদিত গবেষণা কর্মের বাজেটের আলোকে সংশ্লিষ্ট গবেষক গবেষণার চূড়ান্ত বাজেট বিভাজন (উপখাতসহ) সদস্য সচিব, গবেষণা ব্যবস্থাপনা কমিটি বরাবর দাখিল করবেন। প্রতিটি অনুমোদিত গবেষণার চূড়ান্ত বাজেট বিভাজন কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক অনুমোদিত হতে হবে।

**৬.৫ গবেষণা কর্মে যুক্ত গবেষণা দলের সদস্যগণের সম্মানী**

৬.৫.১ প্রতিটি অনুমোদিত গবেষণা কর্মের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের সর্বোচ্চ ৩০% অর্থ গবেষণা দলের সম্মানী হিসেবে ব্যয় করা যেতে পারে।

৬.৫.২ বিদেশি এবং কর্তৃপক্ষ-বহির্ভূত উৎসের অর্থায়নে পরিচালিত গবেষণার ক্ষেত্রে অর্থদাতাদের সাথে গবেষণা ব্যবস্থাপনা কমিটি আলোচনা সাপেক্ষে গবেষণা দলের সম্মানীর পরিমাণ ও অন্যান্য শর্ত নির্ধারণ করবে, যা কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হতে হবে।

**৬.৬ গবেষণা সংক্রান্ত সেমিনার ব্যয়**

৬.৬.১ গবেষণার বিষয় নির্বাচন, গবেষণা প্রস্তাব পর্যালোচনাপূর্বক প্রাথমিক বাছাই, গবেষণা প্রকল্পের মধ্যবর্তী ও চূড়ান্ত প্রতিবেদন পর্যালোচনা ইত্যাদি বিষয়ে গবেষণা ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনবোধে ওয়ার্কশপ/সেমিনার আয়োজন করতে পারবে। এ সংক্রান্ত ব্যয় অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত বিধি-বিধান অনুযায়ী কর্তৃপক্ষের ওয়ার্কশপ/সেমিনার খাতের বরাদ্দ হতে নির্বাহ করা হবে।

৬.৬.২ গবেষণা প্রচার (Dissemination) সংক্রান্ত সেমিনার আয়োজনের ক্ষেত্রে সকল ব্যয় কর্তৃপক্ষের ওয়ার্কশপ/সেমিনার খাত থেকে নির্বাহ করা হবে এবং এ সকল ব্যয় কোনো গবেষণার বাজেটে বিভাজনের অংশ হবে না। সেমিনার সংক্রান্ত ব্যয় সরকারের নিয়ম অনুযায়ী করতে হবে।

**৬.৭ কর্তৃপক্ষ কর্তৃক গবেষণা প্রকল্প পরিদর্শন ব্যয়**

৬.৭.১ গবেষণা প্রকল্পটি প্রয়োজনীয়তার নিরিখে গবেষণা ব্যবস্থাপনা কমিটির সদস্য কর্তৃক সরেজমিন পরিদর্শন করা যেতে পারে।

৬.৭.২ গবেষণা ব্যবস্থাপনা কমিটির সুপারিশক্রমে এবং চেয়ারম্যানের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষের যেকোনো কর্মকর্তা গবেষণা প্রকল্প পরিদর্শন করতে পারবেন।

৬.৭.৩ গবেষণা প্রকল্প পরিদর্শনের নিমিত্ত ভ্রমণ ব্যয় কর্তৃপক্ষের ভ্রমণ খাতের বাজেট হতে নির্বাহ করতে হবে।

**৬.৮ গবেষণা কর্মের অর্থ প্রদান, হিসাব সংরক্ষণ ও সমন্বয়করণ**

৬.৮.১ পরিশিষ্ট ৬ এর চুক্তিনামার শর্তানুযায়ী তিন কিস্তিতে (৫০%, ২৫% ও ২৫%) অর্থছাড় করা হবে।

৬.৮.২ প্রথম কিস্তির অর্থ থেকে মোট সম্মানীর সর্বোচ্চ ২০% ভাগ অর্থ গবেষণা দল সম্মানী হিসেবে গ্রহণ করতে পারবে।

৬.৮.৩ প্রধান গবেষককে গবেষণার অর্থ ব্যয়-সংক্রান্ত সকল দায়দায়িত্ব বহন করতে হবে।

৬.৮.৪ সকল ব্যয়ের ক্ষেত্রে সরকারের আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে।

৬.৮.৫ গবেষণা মঞ্জুরি প্রাপ্তির পর এতসংক্রান্ত সকল লেনদেনের জন্য পৃথক ব্যাংক একাউন্টে রক্ষণাবেক্ষণ করতে হবে। সকল মঞ্জুরি বাংলাদেশের কোনো সিডিউল ব্যাংক একাউন্ট-এর মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। সকল লেনদেন ক্রসচেক/ইএফটি-এর মাধ্যমে প্রধান গবেষক অথবা প্রযোজ্যক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের নামে ইস্যু করা হবে।

**৬.৯ গবেষণা প্রকল্পের গৃহীত অর্থের জবাবদিহিতা**

৬.৯.১ নির্ধারিত সময়সীমার মধ্যে কোনো গবেষণা প্রতিবেদন গবেষণা ব্যবস্থাপনা কমিটির নিকট জমা না দিলে অথবা গবেষণা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জমাকৃত গবেষণা প্রতিবেদন অগ্রহণযোগ্য/বাতিল হলে, গৃহীত সমুদয় অর্থ গবেষকগণ কর্তৃপক্ষকে ফেরত প্রদানে বাধ্য থাকবেন;

৬.৯.২ গবেষণার ব্যয়ভার নির্বাহের পর যদি কোনো পরিমাণ অর্থ উদ্বৃত্ত থাকে, তা সংশ্লিষ্ট প্রধান গবেষক কর্তৃপক্ষ বরাবর ফেরত প্রদানে বাধ্য থাকবেন;

৬.৯.৩ যদি গবেষণা দলের কোনো সদস্য বা গবেষণায় নিয়োজিত অন্য কোনো ব্যক্তি তার উপর অর্পিত দায়িত্ব পালনে অসমর্থ হন বা দায়িত্ব পালনে অনিচ্ছুক হন, তাহলে তার অনুকূলে প্রদত্ত অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকবেন;

৬.৯.৪ এই অনুচ্ছেদের বিধান অনুসরণে অর্থ ফেরত প্রদানের ক্ষেত্রে ব্যত্যয় হলে, প্রচলিত আইন অনুযায়ী তা আদায় করা হবে।

**৬.১০ অডিট আপত্তি নিষ্পত্তিকরণ**

৬.১০.১ গবেষণা কর্মের আর্থিক বিষয়ে কোনো অডিট আপত্তি উত্থাপিত হলে, উক্ত আপত্তি নিষ্পত্তির দায় প্রধান গবেষক/ গবেষকগণ বহন করবে।

৬.১০.২ অডিট আপত্তি এবং অর্থ-সংশ্লিষ্ট বিষয়াদি সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক নিষ্পন্ন করতে হবে।

## সপ্তম অধ্যায়
## কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত গবেষণা

৭.১ কর্তৃপক্ষ, বিভিন্ন সরকারি/বেসরকারি/আন্তর্জাতিক সংস্থা/প্রতিষ্ঠানের পক্ষে, জনগণের জন্য ঐ সকল সংস্থার প্রদেয় সেবার মান উন্নয়নের লক্ষ্যে এবং সুশাসন সম্পর্কিত পদ্ধতিগত সমস্যা সমাধানকল্পে অথবা নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অর্থে গবেষণা কার্যক্রম পরিচালনা করতে পারবে। সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠান হতে চাহিদা পাওয়ার পর কর্তৃপক্ষ আগ্রহী হলে বা প্রযোজ্য মনে করলে, গবেষণা সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তাদের মধ্য থেকে একটি গবেষণা দল গঠন করবেন।

৭.২ যে সংস্থা/প্রতিষ্ঠানের পক্ষে কর্তৃপক্ষ নির্দিষ্ট গবেষণা কর্ম সম্পাদন করবে, ঐ সংস্থা/প্রতিষ্ঠানের সাথে কর্তৃপক্ষ মতৈক্যের জন্য আলোচনা করবেন। আলোচনা প্রস্তাব কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন সাপেক্ষে চুক্তি স্বাক্ষরিত হবে।

৭.৩ কর্তৃপক্ষ বহির্ভূত যে সংস্থা/প্রতিষ্ঠানের অর্থায়নে গবেষণা কার্য পরিচালিত হবে, উক্ত গবেষণা কর্মে সেই সংস্থা/প্রতিষ্ঠানের একজন প্রতিনিধি/বিশেষজ্ঞ থাকতে পারবেন।

৭.৪ কর্তৃপক্ষ প্রযোজ্য মনে করলে সংশ্লিষ্ট গবেষণার বিষয়ে অভিজ্ঞ অথবা পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক গবেষণা দলের পরামর্শক হিসাবে থাকতে পারবেন।

৭.৫ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গবেষণা ও উন্নয়ন বিভাগ স্বতঃপ্রণোদিত হয়ে বিভিন্ন সরকারি, বেসরকারি ও আন্তর্জাতিক সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক আহবানে সাড়া দিয়ে গবেষণা কার্যক্রমে অংশ নিতে পারবেন। গবেষণা ও উন্নয়ন বিভাগ এ কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ একটি Terms of Reference (TOR) প্রস্তুত করে কর্তৃপক্ষের অনুমোদনের জন্য পেশ করবেন। কাজের ধরন অনুযায়ী Terms of Reference (TOR)টি পরিবর্তন করা যাবে।

৭.৬ কর্তৃপক্ষ বহির্ভূত উৎসের অর্থায়নে পরিচালিত গবেষণা কাজে ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

৭.৭ কর্তৃপক্ষের নিজস্ব প্রয়োজনে গৃহীত প্রায়োগিক গবেষণা এবং ৭.১ ও ৭.৫ অনুচ্ছেদে বর্ণিত গবেষণা প্রাতিষ্ঠানিক গবেষণা কর্ম হিসেবে গণ্য করা হবে। এরূপ গবেষণা কর্মের জন্য পর্যালোচনা (review) প্রক্রিয়া প্রয়োজ্য হবে না। তবে প্রাতিষ্ঠানিক গবেষণা প্রস্তাবসমূহ গবেষণা ব্যবস্থাপনা কমিটির সভায় আলোচনাক্রমে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।

## অষ্টম অধ্যায়
## বিবিধ

৮.১ গবেষণা প্রস্তাব চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির পর কোনো গবেষণা দল/গবেষক গবেষণা পরিচালনা করতে অপারগতা প্রকাশ করলে পরবর্তী দুইবছর উক্ত গবেষক/গবেষণা দল কোনো গবেষণা প্রস্তাব দাখিল করতে পারবেন না;

৮.২ গবেষণা দল/গবেষক কর্তৃক দাখিলকৃত গবেষণা প্রতিবেদন সর্বাবস্থায় চৌর্যবৃত্তি (Plagiarism) বর্জিত হবে। প্রতিবেদনে চৌর্যবৃত্তি (Plagiarism) প্রমাণিত হলে উক্ত গবেষক/গবেষণা দলের সদস্যগণ পরবর্তী সকল সময়ের জন্য কর্তৃপক্ষের গবেষণা অনুদান প্রাপ্তির ক্ষেত্রে অযোগ্য বিবেচিত হবেন;

৮.৩ প্রদত্ত গবেষণা প্রতিবেদন মৌলিক হতে হবে। গবেষণা প্রতিবেদন বা এর কোনো অংশ অপর কোনো প্রতিবেদন বা উৎস হতে আহরিত নয় মর্মে গবেষণা দলের সদস্যগণ প্রত্যয়ন প্রদান করবেন;

৮.৪ প্রতিবেদনে ব্যবহৃত তথ্য-উপাত্তের References স্বীকৃত পদ্ধতিতে প্রদান করতে হবে;

৮.৫ গবেষণা কাজে আন্তর্জাতিকভাবে স্বীকৃত Ethical Issue নিশ্চিত করতে হবে। জাতি, গোষ্ঠী, সমাজ, ধর্ম, বর্ণ নির্বিশেষে কোনো ব্যক্তিতে হেয় প্রতিপন্ন করে- এই ধরনের কোনো গবেষণা প্রস্তাব গ্রহণ বা প্রশ্নপত্র প্রণয়ন করা যাবে না কিংবা কেউকে পীড়া দেয়- এমন কোনো মন্তব্য, বিবৃতি, ছবি, প্রতীক ইত্যাদি প্রতিবেদনে ব্যবহার করা যাবে না;

৮.৬ সংগৃহীত তথ্য-উপাত্ত যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত কোনো প্রশ্ন উত্থাপিত হলে নিজ দায়িত্বে গবেষকগণকে উত্তর প্রদান/প্রমাণ দাখিল করতে হবে;

৮.৭ প্রযোজ্য ক্ষেত্রে, তথ্য প্রদানকারীর গোপনীয়তা যথাযথভাবে নিশ্চিত করতে হবে;

৮.৮ গবেষণা দলের কোনো সদস্যের বিরুদ্ধে অনিয়ম কিংবা অর্পিত দায়িত্ব পালনে অবহেলার অভিযোগ উত্থাপিত হলে কর্তৃপক্ষ সে বিষয়ে যথাযথ তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

৮.৯ কর্তৃপক্ষ প্রযোজ্যক্ষেত্রে ও অপরিহার্যতা বিবেচনায় কর্তৃপক্ষের অনুদানে কোনো অর্থবছরে গৃহীত কোনো গবেষণা প্রকল্প বৃহৎ পরিসরে বাস্তবায়ন বা ধারাবাহিকতা রক্ষায় পুনঃঅনুদান প্রদান করতে পারবে।

৮.১০ প্রযোজ্যক্ষেত্রে কর্তৃপক্ষের কোনো কর্মকর্তা এই নীতিমালার অধীন সুবিধা নিয়ে গবেষণা দল গঠন করে গবেষণা পরিচালনা করতে পারবেন। এক্ষেত্রে অবশ্যই কর্তৃপক্ষের পূর্বানুমোদনের প্রয়োজন হবে এবং নিজস্ব গবেষণার ক্ষেত্রে প্রদত্ত বাজেট গবেষণা ব্যবস্থাপনা কমিটির সুপারিশক্রমে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে।

৮.১১ কর্তৃপক্ষের গবেষকগণের গবেষণা প্রস্তাব সুসামঞ্জস্য করার লক্ষ্যে গবেষণা ব্যবস্থাপনা কমিটি তাদের খসড়া গবেষণা প্রস্তাবের উপর প্রতিবছর প্রস্তুতিমূলক সেমিনার আয়োজন করতে পারবেন। এরূপ সেমিনারের ব্যয় কর্তৃপক্ষের রাজস্ব বাজেটের সেমিনার খাত থেকে নির্বাহ করা যাবে।

৮.১২ কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ আর্থিক বিধিমালা, ২০১৯ এর বিধি ৩ এ উল্লিখিত খাতসমূহ হতে অর্জিত অর্থ এবং সরকার অনুমোদিত বিভিন্ন দেশি ও বিদেশি সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক গবেষণা পরিচালনার জন্য প্রদত্ত অর্থ দ্বারা 'গবেষণা তহবিল' নামক একটি তহবিল তৈরি করতে পারবেন। উক্ত তহবিল গঠন ও পরিচালন পদ্ধতি কর্তৃপক্ষ দ্বারা নির্ধারিত হবে। 'গবেষণা তহবিল' মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হতে হবে।

## নবম অধ্যায়
## গবেষণা নীতিমালা প্রয়োগ ও পরিবর্তন

৯.১ কর্তৃপক্ষের পরিচালন বাজেট, উন্নয়ন বাজেট, প্রকল্প বাজেট এবং দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক প্রক্রিয়ায় প্রাপ্ত ও অন্য যে কোনো উৎস হতে প্রাপ্ত অর্থের দ্বারা পরিচালিত গবেষণা কর্মের জন্য এই 'বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ গবেষণা নীতিমালা, ২০২৪' প্রযোজ্য হবে;

৯.২ নীতিমালার সাথে সংযুক্ত পরিশিষ্ট ও সংযোজনী এই নীতিমালার অংশ হিসেবে বিবেচ্য হবে।

৯.৩ পরিবর্তিত সময়ের চাহিদা অনুযায়ী কিংবা উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় গবেষণা নীতিমালা (তফসিল, পরিশিষ্ট ও সংযোজনীসহ) পরিবর্তন, পরিমার্জন, সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দিলে, গবেষণা ব্যবস্থাপনা কমিটির সুপারিশক্রমে কর্তৃপক্ষ উক্ত পরিবর্তন অনুমোদন করতে পারবেন। পরিশিষ্ট ব্যতীত যেকোনো পরিবর্তনের ক্ষেত্রে মন্ত্রণালয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;

৯.৪ এই গবেষণা নীতিমালায় বর্ণিত কোনো বিষয়ে কোনো প্রশ্ন উত্থাপন হলে বা কোনো প্রকার জটিলতা তৈরি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**তফসিল-১**

**(অনুচ্ছেদ ২.৩)**

**ক) খাদ্য অণুজীব বিজ্ঞান (Food Microbiology)**

i. খাদ্যে অণুজীবের ইকোলজি (Microbial ecology in food)
ii. খাদ্যে অণুজীব পরীক্ষার পদ্ধতি (Microbiological testing methods in food)
iii. প্রোবায়োটিকস বা খাবারে উপকারী অণুজীব (Probiotics or beneficial organisms in food)
iv. খাদ্য অনুজীবিয় দূষক বিশ্লেষণ (Analysis of microbial food contaminants)

**খ) খাদ্য রসায়ন (Food Chemistry)**

i. খাদ্যের রাসায়নিক গঠন (Chemical composition of foods)
ii. খাদ্য সংযোজক দ্রব্য ও সংরক্ষণকারী (Food additives & Preservatives)
iii. খাদ্য রাসায়নিক দূষক বিশ্লেষণ ও নিয়ন্ত্রণ (Analysis & Control of chemical of food contaminants)
iv. খাদ্যে এন্টিবায়োটিক ও অন্যান্য রাসায়নিকের অবশিষ্টাংশ বিশ্লেষণ (Analysis of Antibiotics & other chemical residue in food)
v. ভারী ধাতু এবং বালাইনাশকের অবশিষ্টাংশ বিশ্লেষণ (Heavy metal and pesticide residue analysis)

**গ) বংশগত বৈশিষ্ট্য পরিবর্তনকৃত বা সংশোধিত খাদ্য (Genetically Modified(GM) or Engineered Food)**

